



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২১-৭৬৯ (১০)

তারিখ : ২৬/০৬/২০২১

প্রেস রিলিজ

আজ ২৬ জুন, ২০২১, শনিবার সকাল ১০:০০ টায় বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয় অডিটোরিয়ামে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, **জনাব মোঃ আমিনুল ইসলাম খান** প্রধান অতিথি হিসেবে জুমে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের, মহাপরিচালক, **জনাব কে, এম, রুহুল আমীন**। মত বিনিময় সভায়া মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রিন্সিপাল, প্রধান শিক্ষক সহ ১৫০ জন উপস্থিত ছিলেন।

একই দিন বেলা ৩ : ০০ টায় গাইড অডিটোরিয়ামে এসোসিয়েশন-এর উদ্যোগে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং সম্প্রসারণ বিষয়ক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগের অধীনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালক **জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি** প্রধান অতিথি হিসেবে জুমে উপস্থিত ছিলেন।


অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান **ড. মোঃ মোরাদ হোসেন মোল্ল্যা**। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও শিক্ষক সহ শতাধিক শিক্ষক মত বিনিময় সভায় উপস্থিত ছিলেন।

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব, **জনাব মোঃ আমিনুল ইসলাম খান** ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালক **জনাব মোঃ হেলাল উদ্দিন এনডিসি** মেয়েদের মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে গার্ল গাইডের কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে সহায়তা প্রদান ও দল খোলার জন্য প্রতিষ্ঠান প্রধানদের প্রতি আহবান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন **কাজী জেবুন্নেছা বেগম**, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

অনুষ্ঠান দুটিতে স্বাগত বক্তব্য দেন, প্রফেসর **ড. ইয়াসমিন আহমেদ**, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), শুভেচ্ছা বক্তব্য দেন **সাবিনা ফেরদৌস**, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন)। ধন্যবাদ জ্ঞাপন করেন **শাহানা জ মালিক আহমেদ**, প্রকাশনা কমিশনার ও **নুরজাহান আরা বেগম** গাইড কমিশনার।



অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের
মহাপরিচালক, জনাব কে, এম, বুলুল আমীন



বিশেষ অতিথির বক্তব্য দেন কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান
ড. মোঃ মোরাদ হোসেন মোল্যা

স্বাক্ষরিত/-
সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা